নুসরাতের বাড়ির আগুন তদন্তে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কমিটি



ছবি: সংগৃহীত

কুষ্টিয়ার দৌলতপুরে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নুসরাত তাবাসসুমের বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনা খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের চার সদস্যের কমিটি।

শুক্রবার (১৩ নভেম্বর) সকালে কমিটির সদস্যরা ঘটনাস্থল পরিদর্শন করেন এবং পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। তিন কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। একই দিন বিকেলে নুসরাতের গ্রামের বাড়ি পরিদর্শন করেন বিরোধীদলীয় সংসদ সদস্যদের একটি প্রতিনিধিদল।

এ ঘটনায় বৃহস্পতিবার রাতে দৌলতপুর থানায় হত্যাচেষ্টা মামলা করেছেন নুসরাত তাবাসসুম। মামলায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের আট নেতার নাম উল্লেখ করা হয়েছে। এ ছাড়া অজ্ঞাতনামা আরও ২৫ থেকে ৩০ জনকে আসামি করা হয়েছে।

বুধবার রাতে উপজেলার বাগোয়ান গ্রামে নুসরাতের পৈতৃক বাড়িতে আগুন লাগে। পরিবারের সদস্যদের হত্যার উদ্দেশ্যে পেট্রল বোমা ছোড়া হয়েছিল বলে অভিযোগ করেছেন তিনি। মামলায় অগ্নিকাণ্ডে প্রায় ৪০ লাখ টাকার ক্ষয়ক্ষতির কথাও উল্লেখ করা হয়েছে।